গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
জুলাই গণঅভ্যুত্থান শাখা,

www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১৬.৩৬.০০০১.২৬.২৩

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়: জুলাই গণঅভ্যুত্থান চলাকালে ছাত্র-জনতার আন্দোলনে অংশগ্রহণ করে যারা আহত হয়েছেন অথবা চিকিৎসাধীন আছেন কিন্তু জুলাই যোদ্ধা হিসেবে গেজেটভুক্ত হননি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য গণবিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ ব্যাপক সংখ্যক নিরস্ত্র দেশ প্রেমিক ছাত্র-জনতা শহিদ হয়েছেন এবং অগনিত মানুষ অতিগুরুতর আহত বা গরুতর আহত বা আহত হয়েছেন। দেশপ্রেমিক ছাত্র-জনতার এ মহান ত্যাগের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের লক্ষ্যে জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং আহতদের যথোপযুক্ত স্বীকৃতি, কল্যাণ ও পুনর্বাসন নিশ্চিত করার লক্ষ্যে ৮৪২ জন শহিদ এবং জুলাই যোদ্ধা ক্যাটাগরি-ক: ৯৯০ জন, ক্যাটাগরি-খ: ১৪১৪, ক্যাটাগরি-গ: ১১৯৬৪ জনসহ মোট ১৪৩৬৮ জন জুলাই যোদ্ধার নামে গেজেট প্রকাশ করা হয়েছে। বিগত অন্তবর্তীকালীন সরকারের শেষ কর্মদিবস ১০ ফেব্রয়ারি ২০২৬ তারিখে জুলাই শহিদ এবং জুলাই যোদ্ধাদের নতুনভাবে অন্তর্ভুক্তির জন্য নতুন কোনো আবেদন পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ মন্ত্রণালয়ে প্রেরণ না করার জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা, জেলা পর্যায়ে ৯৩১ জন আহতের আবেদন অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। এছাড়াও দেশের বিভিন্ন এলাকায় জুলাই গণঅভ্যুত্থানে আহত ব্যক্তিগণ জুলাই যোদ্ধা হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদন করার সুযোগ বন্ধ রয়েছে। বর্তমান গণতান্ত্রিক সরকার দায়িত্ব গ্রহণের পর দেশের বিভিন্ন উপজেলা এবং জেলায় অতিগুরুতর আহত, গুরুতর আহত এবং আহত জুলাই যোদ্ধাগণ গেজেটভুক্তির জন্য আবেদন করলেও ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পত্র প্রত্যাহার না করায় এ সকল আবেদন সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এ মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হয় নাই। বর্ণিতাবস্থায়, জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ চলাকালে ছাত্র-জনতার আন্দোলনে অংশগ্রহণ করে যারা আহত হয়ে হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেছেন অথবা অদ্যাবধি চিকিৎসাধীন আছেন কিন্তু জুলাই যোদ্ধা তালিকায় নাম অন্তর্ভুক্তি হননি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য পরবর্তী প্রয়োজনীয় কায়ক্রম গ্রহণ করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, জুলাই গণঅভ্যুত্থানে আহত হয়ে যারা এখনও গেজেটভুক্ত হননি তাঁদের গেজেটভুক্তির লক্ষ্যে নিজ জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং আহত হওয়ার স্বপক্ষে উপযুক্ত প্রমাণকসহ আবেদন গ্রহণের জন্য সংযুক্ত বিবেচ্য সংযুক্তি: (গণবিজ্ঞপ্তির কপি) সদয় দ্রষ্টব্য।সদয় দ্রষ্টব্য। গণবিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: গণবিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ।

সংযুক্তিসমূহঃ
(১) গণবিজ্ঞপ্তির পিডিএফ কপি
(২) গণবিজ্ঞপ্তির কপি

১০-১১-২০২৬
ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৪১০৫৪১০৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর (তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।, ঢাকা।
২। সকল জেলা প্রশাসক (তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।।

৩। সিভিল সার্জন সকল (তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), (তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১৬.৩৬.০০০১.২৬.২৩/১ (৪)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), জুলাই গণঅভ্যুত্থান অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও ফেইজবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)।।

১০-১১-২০২৬
ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব